

**অনির্দিষ্টকালের জন্য ৪৯টি পরীক্ষা স্থগিত**  
**৬ মাসের সেশনজটে পড়তে যাচ্ছে রাবির ২৬ হাজার শিক্ষার্থী**

**রাবির সংবাদদাতা :**  
রাবিশাহী বিশ্ববিদ্যালয় পার্শ্ববর্তী বিনোদপুর বাজারের ব্যবসায়ী ও এলাকাবাসীর সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষের ঘটনায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ হওয়ায় ২৯টি বিভাগের পূর্বনির্ধারিত ৪৯টি পরীক্ষা স্থগিত হয়ে গেছে। এছাড়াও ক্যাম্পাস বন্ধের ফলে বিশ্ববিদ্যালয়ের ৪৭টি বিভাগের প্রায় সকল বিভাগেরই বেসিটার এবং বার্ষিক কোর্স ছাইনাল পরীক্ষা দেয়ি হওয়ারও আশঙ্কা রয়েছে। ফলে এ বিশ্ববিদ্যালয়ের প্রায় ২৬ হাজার শিক্ষার্থী নতুন করে ছয় মাসের সেশনজটে পড়তে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন, অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাস বন্ধ হওয়ায় বিভিন্ন বিভাগের পূর্বনির্ধারিত পরীক্ষাসমূহ স্থগিত হয়ে গেছে। ফলে শিক্ষার্থীদের নতুন করে ছয় মাসের সেশনজটে পড়তে হবে।

বিশ্ববিদ্যালয়ের আটটি অনুষদের মধ্যে কলা অনুষদতুর্ক ভাগ্য বিভাগে ৪টি, ইংরেজি, চারুকলা, ইতিহাস ও আরবিতে ১টি করে এবং নটীকলা ও সঙ্গীতে ২টি, সামাজিক বিজ্ঞান অনুষদের গ্রহাণুর ও তত্ত্ববিজ্ঞানে ৪টি, সমাজকর্মে ৩টি, গণযোগাযোগ ও সাংবাদিকতা এবং ন-বিজ্ঞানে ১টি করে, বিজ্ঞানের ট্যারিফের ফাইন্যান্স এবং ব্যাংকিং ও মার্কেটিংয়ে ৩টি, ব্যবস্থাপনা ও হিসাব বিজ্ঞানে ২টি করে, বিজ্ঞান অনুষদের পদার্থ বিজ্ঞান, কম্পিউটার

সায়েন্স এড ইঞ্জিনিয়ারিং, ফলিত গণিত, ফলিত পদার্থ, ফলিত রসায়ন, ফার্মসি এবং ম্যাটেরিয়াল সায়েন্স এড টেকনোলজিতে ১টি করে, কৃষি অনুষদের জেনেটিক্স ইঞ্জিনিয়ারিং এড বায়ো টেকনোলজিতে ৩টি, এগোনমি এড এক্সিক্যালচারেল এন্সটেনশনে ২টি, এনিমেল হাভবেডারি এড ভেটেরিনারি সায়েন্স এবং ড্রপ সায়েন্স এড টেকনোলজিতে ১টি করে, জীব ও ভূ-বিজ্ঞানের ভূ-তত্ত্ব ও খনিবিদ্যায় ৩টি, মনোবিজ্ঞানে ২টি, শ্রাণি বিজ্ঞান এবং ভূগোলে ১টি করে মোট ৪৯টি পূর্ব নির্ধারিত পরীক্ষা স্থগিত হয়ে গেছে।

এদিকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ হওয়ায় এদিকে যেমন বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার শিক্ষার্থী বড় ধরনের সেশন ছুটির আশঙ্কা করছে, তেমনি অন্যদিকে বিশ্ববিদ্যালয় পার্শ্ববর্তী বিনোদপুর, কাছলা ও স্টেশন বাজার, সাহেব বাজারসহ বিভিন্ন বাজারের ব্যবসায়ীরাও বেকাওয়ার পড়েছেন। কারণ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে নিয়েই বাজারসহীরা এসব বাজারের ব্যবসা আর্ভিত হয়।

ক্যাম্পাস খোলা প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মনমুনুল কেব্রাহত জানান, সর্বিক পরিস্থিতি বিবেচনা করেই ক্যাম্পাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ক্যাম্পাস খোলার ব্যাপারে তিনি এভাবে বেশি কিছু দৃষ্টব্য করেননি।